

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৫৩৭


-জি,

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
০৯ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৫(১) অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারক ১। মাননীয় বিচারপতি জিনাত আরা ২। মাননীয় বিচারপতি জনাব আবু বকর সিদ্দিকী এবং ৩। মাননীয় বিচারপতি জনাব মোঃ নূরুজ্জামান মহোদয়গণকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তৎপ্রেক্ষিতে ২৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ, ০৯ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার পূর্বাহ্নে তাঁরা সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে শপথ গ্রহণ করেন।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন মহোদয় তাঁদেরকে শপথ পাঠ করান।

আদেশক্রমে,


(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার

স্মারক নং-


৭৭১০ (৫)

-জি,

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
০৯ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মূল শপথ নামার কপি সংযোজিত)।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (শপথ নামার ফটোকপি সংযোজিত)।
৩. মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং ৫২৮, ৫ম তলা সি,জি,এ, ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস এন্ড প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটের একটি অতিরিক্ত সংখ্যায় মুদ্রণের জন্য এবং অত্র কোর্টে ব্যবহারের নিমিত্ত উক্ত বিজ্ঞপ্তির ১৫ (পনের) কপি সরবরাহের জন্য আপনাকে অনুরোধ করা হলো। (মূল শপথ নামার কপি সংযোজিত)
৭. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। [বাংলাদেশ সুপ্রীম কোর্ট ওয়েব সাইটে প্রচারের জন্য]
৮. হিসাব রক্ষক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (শপথ নামার ফটোকপি সংযোজিত)।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা-১, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।


(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)।

ই-মেইল: aktar.dr@supremecourt.gov.bd



বিচারক-এর শপথ

আমি,জিনাত আরা....., সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-মনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব ।

.....২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
.....০৯ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ
.....২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ/.....০৯ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ,
বেলা ৩.৩০ ঘটিকায় ঢাকায় আমার সম্মুখে শপথ গৃহীত হইল ।

স্বাক্ষর জিনাত আরা

স্বাক্ষর সৈয়দ মোহাম্মদ হোসেন
প্রধান বিচারপতি, বাংলাদেশ ।



বিচারক-এর শপথ

আমি,আবু বকর সিদ্দিকী....., সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব ।

.....২৪ আশ্বিন,.....১৪২৫ বঙ্গাব্দ

স্বাক্ষর.....

..... ০৯ অক্টোবর,.....২০১৮ খ্রিস্টাব্দ

আজ.....২৪ আশ্বিন,.....১৪২৫ বঙ্গাব্দ/.....০৯ অক্টোবর,.....২০১৮ খ্রিস্টাব্দ,
বেলুন ১০.৩০ ঘটিকায় ঢাকায় আমার সম্মুখে শপথ গৃহীত হইল ।

.....
স্বাক্ষর.....

প্রধান বিচারপতি, বাংলাদেশ ।



বিচারক-এর শপথ

আমি,**মোঃ নূরুজ্জামান**....., সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশ্বস্ততার সহিত আমার পদের কর্তব্য পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব ।

.....**২৪ আশ্বিন, ১৪২৫** বঙ্গাব্দ
.....**০৯ অক্টোবর, ২০ ১৮** খ্রিস্টাব্দ
.....**২৪ আশ্বিন, ১৪২৫** বঙ্গাব্দ/.....**০৯ অক্টোবর, ২০ ১৮** খ্রিস্টাব্দ,
বেলা **১০.৩০** ঘটিকায় ঢাকায় আমার সম্মুখে শপথ গৃহীত হইল ।

স্বাক্ষর.....

স্বাক্ষর.....**মোঃ নূরুজ্জামান**.....
প্রধান বিচারপতি, বাংলাদেশ ।